মেহেরপুরে মুক্তিযোদ্ধা সংসদের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

“দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী” এই স্লোগানকে ধারণ করে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নবগঠিত আহ্বায়ক কমিটির উদ্যোগে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১০টায় জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেরপুর জেলা ইউনিট কমান্ড এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা। শুরুতে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশনা, পবিত্র কোরআন তেলাওয়াত এবং এক মিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস হোসেন, আনছাউল হক, সিরাজুল ইসলাম, মতিয়ার রহমান, কামাল উদ্দিন, রায়হান উল কবীর, আহসান হাবীব, নুরুল হুদা, মীর মনা, জামিল, মাহাবুল হকসহ অন্যান্য মুক্তিযোদ্ধারা।

এ সময় মুক্তিযোদ্ধারা দেশ ও স্বাধীনতার অর্জনকে সমুন্নত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরে বৈষম্যবিরোধী ছাত্র

আন্দোলনে নিহতদের স্মরণে দোয়া অনুষ্ঠান

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত জাতির বীর শহীদদের স্মরণে এবং বিএনপির চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া’র রোগ মুক্তি কামনায় মেহেরপুরে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আমদহ ইউনিয়ন ২নং ওয়ার্ড রাইপুর যুবদল কর্তৃক আয়োজিত দোয়া অনুষ্ঠান। আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টায় রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দোয়া অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোঃ খালেকুজ্জামান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ্যাড. কামরুল হাসান।

এ ছাড়াও নূর মোহাম্মদ শাহাবুদ্দিনের উপস্থাপনায় এসময় বাঁকা বিল্লাহ, মেহেদী হাসান, রকিবুল হাসান রিপন, হাবিবুর রহমান টুটুল, নাজমুল, জাহাঙ্গীর, রিপন সহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠান

বিএনপি’র কেন্দ্রিয় কর্মসূচীর অংশ হিসাবে সাবেক প্রধান মন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার দীর্ঘায়ু ও সুস্থতা কামনার এবং বর্তমান ও বিগত দিন আন্দোলনে শহীদ সকল ছাত্র জনতার আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কমনা করে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার মেইন বাজার পৌর বিএনপি দলিও কার্যালয়ে এ দোয়া

মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্র বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ তথ্য ও গবেষনা সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল। সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক।

প্রধান বক্তা সাবেক সফল মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, জেলা বিএনপির উপদেষ্টা কাউন্সিল মাহবুব খান হানিফ, পৌর বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইঁয়া, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষি বিদ ফিরোজ উদ্দিন মানিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ বাশার, যুগ্ম আহ্বায়ক রিপন শেখ, যুগ্ম আহ্বায়ক বেনজামিন, উপজেলা ছাত দলের আহ্বায়ক নাছির উদ্দীন লিয়ন,সদস্য সচিব হুমায়ূন কবির হিরা প্রমুখ। এ সময় বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা- কর্মী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন ইসলামি সংস্কৃতিক কেন্দের মুহাতামিম নুরুন্নবী আশিকী।

মেহেরপুর জেলা ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের কার্যালয়ে মেহেরপুর ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ইমাম হোসেন ইমনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন সদর থানা ছাত্রলীগের সভাপতি জুলকারনাইন বায়েজিদ, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সেক্রেটারি আরিফুল ইসলাম, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদিকুর রহমান মতিন, আমঝুপি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মকবুল হোসেন, পৌর ছাত্রলীগের ছাত্রনেতা রাতুল সহ মেহেরপুর জেলা এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা আওয়ামীলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

২১ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে বিএনপি জামায়াতের বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত সকল বীর শহীদদের স্মরণে মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ রবিবার বিকেল ৪ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভার্চুয়ালি আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহ-সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, আইন বিষয়ক সম্পাদক পি.পি পল্লব ভট্টাচার্য,দপ্তর সম্পাদক মকলেসুর রহমান খোকন, জেলা মহিলা লীগের সভাপতি শামীম আরা হিরা, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, পৌর

আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল প্রমুখ।

এছাড়াও জেলা কৃষক লীগের সভাপতি মাহাবুব উল আলম শান্তি, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক আরিফুল এনাম বকুল,জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মতিউর রহমান, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক সফিক কামাল পলাশ বক্তব্য রাখেন। এসময় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ, মহিলা লীগসহ অন্যান্য ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে ২১ আগস্ট বিএনপি জামায়াতের বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত সকল বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

গাংনীর কাথুলীতে শোক দিবস উপলক্ষ্যে আলোচনা ও দোয়া অনুষ্ঠান

গাংনীর কাথুলীতে শোক দিবস উপলক্ষ্যে আলোচনা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে কাথুলী ইউনিয়ন পরিষদের আয়োজনে কুতুবপুর স্কুল এন্ড কলেজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম সাহাদাত বার্ষিকি উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এ সময় উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আহচাদ আলী বিশিষ্ট আওয়ামী লীগের নেতা কুতুবউদ্দিন, হাফিজুর রহমান,শ্রী গনেশ কর্মকার,৫ নং ওয়ার্ডের সভাপতি আঃ মালেক ও সেক্রেটারি আঃ সামেদ ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামেদ মিয়া কুতুবপুর স্কুল এন্ড

কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম। আবু হানিফ মেম্বর, ধলা ক্যাম্প ইনচার্জ বখতিয়ার রহমান কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য জিনারুল ইসলাম ও ইউনিয়ন পরিষদের সকল মেম্বারবৃন্দ, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সম্পাদক নাজমুল হোসেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শাহিন আলম। সহ আরো অনেকে।